



**বিষয়ঃ “মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফোরসি)-২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া  
সভার স্থান : কনফারেন্স রুম, আইডব্লিউএম ভবন, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া  
তারিখ : ১২ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ (মঙ্গলবার)  
সময় : দুপুর ১:০০ ঘটিকা।

**সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

**(জুম প্ল্যাটফর্মে অংশগ্রহণকারী)**

১. জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী, যুগ্মপ্রধান, দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ, পরিকল্পনা কমিশন।
২. ড. মোঃ গোলাম মোস্তফা, উপসচিব (পরিকল্পনা-৬), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩. জনাব আইরীন ফারজানা, উপসচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪. জনাব নুসরাত নোমান, উপপ্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫. জনাব মোছাঃ জেসমুন নাহার, উপপ্রধান, পল্লী প্রতিষ্ঠান ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন।
৬. জনাব মাহবুবা আইরিন, উপসচিব, ইউরোপ-৩ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭. জনাব মাহমুদা আক্তার, উপসচিব, বাজেট-১২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮. জনাব তাহমিনা তাছলীম, সিনিয়র সহকারী প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন।
৯. জনাব মোঃ হেলাল খান, মূল্যায়ন কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা কমিশন।

**(সরাসরি অংশগ্রহণকারী)**

১. জনাব মাকছুদ আলম খান, ভারপ্রাপ্ত পরিচালক, প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পউএ, বগুড়া।
২. ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক, প্রকল্প পরিচালক, এমফোরসি-২য় পর্যায় শীর্ষক প্রকল্প, পউএ, বগুড়া।
৩. ড. মোঃ আব্দুল কাদের, উপ-পরিচালক ও ডেপুটি অফিসার, প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পউএ, বগুড়া।

**২.০ উপস্থাপনা ও আলোচনা**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার বিষয়বস্তু উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালক ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক কে আহ্বান জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচনার বিষয়বস্তু	আলোচনা	সিদ্ধান্তসমূহ
১.	প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি সংক্রান্ত	<b>আর্থিক অগ্রগতিঃ</b> প্রকল্পটি মোট ৫৯৮৬.০০ (জিওবি: ১৪৭৬.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য: ৪৫১০.০০ লক্ষ) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ জানুয়ারি, ২০২১ হতে ৩১ ডিসেম্বর, ২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থবছরে মোট ১,৫৮০.০০ {জিওবি মোট ৩৬৮.০০ লক্ষ (রাজস্ব ১১৫.০০ ও মূলধন ২৫৩.০০) লক্ষ এবং প্রকল্প সাহায্য মোট ১,২১২.০০ (রাজস্ব ৭১৮.০০ লক্ষ ও মূলধন ৪৯৪.০০ লক্ষ)} লক্ষ টাকা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রকল্পের খোক বরাদ্দ হতে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে।	যথাসময়ে প্রকল্পের অর্থছাড়ের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে।

*(Handwritten signature)*

ক্রঃ নং	আলোচনার বিষয়বস্তু	আলোচনা	সিদ্ধান্তসমূহ
		<p><b>বাস্তব অগ্রগতিঃ</b></p> <ul style="list-style-type: none"> <li>প্রকল্পের আওতায় আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং প্রকল্পের ০১ টি স্টাফ ওরিয়েন্টেশন এবং ০১ টি স্টাফ প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।</li> <li>প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান ও সেক্টরকে প্রকল্পের কার্যক্রমে সহযোগিতার অনুরোধ জানিয়ে ইতোমধ্যে মহাপরিচালক মহোদয় কর্তৃক স্বাক্ষরিত পত্র প্রেরণ করা হয়েছে।</li> <li>প্রকল্পের কর্মপরিকল্পনা কর্মশালা গত ০৪-০৬ জুলাই, ২০২১ মেয়াদে অনুষ্ঠিত হয়েছে এবং এমফোরসি-সিডিআরসি'র জন্য ০৪ (চার) বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।</li> </ul>	
২.	ঋণ কার্যক্রম সংক্রান্ত	প্রকল্পের আওতায় শীঘ্রই রেভিনিউ জেনারেশন মডেল (ঋণ কার্যক্রম) চূড়ান্তকরণ করা হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ প্রেক্ষিতে পরিকল্পনা কমিশনের দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ এর যুগ্মপ্রধান জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী বলেন যে টিএপিপি-তে উল্লেখিত প্রতিষ্ঠানের পাশাপাশি ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (SFDF) কে চরে ঋণ কার্যক্রমের আওতায় আনা যেতে পারে বলে তিনি মত প্রকাশ করেন।	ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (SFDF) বরাবর প্রকল্পের কার্যক্রম অবহিতকরণ সংক্রান্ত পত্র প্রেরণ করতে হবে এবং উক্ত প্রতিষ্ঠানকে ঋণ কার্যক্রমের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.	প্রশিক্ষণ সংক্রান্ত	২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।
৪.	সুইসকন্টাক্ট এর কার্যক্রম সংক্রান্ত	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপসচিব (উন্নয়ন) জনাব আইরীন ফারজানা প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সুইসকন্টাক্ট এর কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক এমফোরসি প্রকল্পের বাস্তবায়ন এবং সিডিআরসি'র কার্যক্রম শক্তিশালীকরণে সুইসকন্টাক্ট এর ভূমিকা উল্লেখ করেন।	আরডিএ এবং সুইসকন্টাক্ট সমন্বয়ের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।
৫.	চর এলাকায় স্টোরেজ স্থাপন সংক্রান্ত	চর এলাকায় উৎপাদিত ফসল সংরক্ষণের বিষয়ে এমফোরসি প্রকল্পের ০৬টি সংরক্ষণাগার স্থাপন সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	DAM এর আলু সংরক্ষণ প্রযুক্তি চরে বাস্তবায়ন করতে হবে। পাশাপাশি পিয়াজসহ অন্যান্য ফসল সংরক্ষণে স্থানীয় প্রযুক্তি ব্যবহার করতে হবে।

৩.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(খলিল আহমদ)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

ও

সভাপতি

প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)।